

আমি আজ কারো রক্ত চাইতে আসি নি

## নির্মলেন্দু গুণ

সমবেত সকলের মতো আমিও গোলাপ ফুল খুব ভালোবাসি,  
রেসকোর্স পার হয়ে যেতে সেইসব গোলাপের একটি গোলাপ  
গতকাল আমাকে বলেছে, আমি যেন কবিতায় শেখ মুজিবের কথা বলি ।  
আমি তাঁর কথা বলতে এসেছি ।

শহীদ মিনার থেকে খসে পড়া একটি রক্তাক্ত ইট গতকাল আমাকে বলেছে  
আমি যেন কবিতায় শেখ মুজিবের কথা বলি ।  
আমি তাঁর কথা বলতে এসেছি ।

সমবেত সকলের মতো আমিও পলাশ ফুল খুব ভালোবাসি, 'সমকাল'  
পার হয়ে যেতে সদ্যাফোটা একটি পলাশ গতকাল কানে কানে  
আমাকে বলেছে, আমি যেন কবিতায় শেখ মুজিবের কথা বলি ।  
আমি তাঁর কথা বলতে এসেছি ।

শাহবাগ অ্যাভিনিউর ঘূর্ণায়িত জলের ঝর্ণাটি আর্তস্বরে আমাকে বলেছে  
আমি যেন কবিতায় শেখ মুজিবের কথা বলি ।  
আমি তাঁর কথা বলতে এসেছি ।

সমবেত সকলের মতো আমরা স্বপ্নের প্রতি পক্ষপাত আছে,  
ভালোবাসা আছে, শেষ রাতে দেখা একটি সাহসী স্বপ্ন গতকাল  
আমাকে বলেছে, আমি যেন কবিতায় শেখ মুজিবের কথা বলি ।  
আমি তাঁর কথা বলতে এসেছি ।

এই বসন্তের বটমূলে সমবেত ব্যথিত মানুষগুলো সাক্ষী থাকুক,  
না-ফোটা কৃষ্ণচূড়ার শুক্ণভগ্ন অপ্রস্তুত প্রাণের ঐ গোপন মঞ্জুরীগুলো  
কান পেতে শুনুক,

আসন্ন সন্ধ্যায় এই কালো কোকিলটি জেনে যাক—  
আমার পায়ের তলায় পুণ্য মাটি ছুঁয়ে  
আমি আজ সেই গোলাপের কথা রাখলাম, আজ সেই পলাশের কথা  
রাখলাম, আজ সে স্বপ্নের কথা রাখলাম ।

আমি আজ কারো রক্ত চাইতে আসি নি,  
আমি আমার ভালোবাসার কথা বলতে এসেছিলাম ।